দৈনিক জনকণ্ঠ

১৪৭

FEB. 25 1999
তারিখ ...
পৃষ্ঠা ১১ কলাম ১

# ময়মনসিংহে দেড় যুগ ধরে ভাড়াটে বাড়িতে চলছে সরকারী কলেজ

ময়মনসিংহ, ২৪ ফেব্রুয়ারি, (নিজস্ব সংবাদদাতা) ॥ প্রায় দেড় যুগ ধরে ময়মনসিংহে একটি ভাড়াটে বাড়িতে চলছে সরকারী কলেজ। শ্রেণীকক্ষ এবং শিক্ষক স্বল্পতাসহ এ কলেজে ৩ শতাধিক ছাত্রছাত্রীর জন্য কোন কমনরুম নেই। বাথরুম আর পানীয় জলের সমস্যা তো রয়েছেই। এমনি হ-য-ব-র-ল অবস্থায় চলছে কলেজটি।

সূত্র জানায়, ময়মনসিংহ সরকারী বাণিজ্য কলেজ প্রতিষ্ঠিত হয় ১৯৬৫ সালে। সেই সময়ে ময়মনসিংহ পলিটেকনিক ইনস্টিটিউটের সঙ্গে এ কলেজটির কার্যক্রম সংযুক্ত ছিল। ১৯৮৪ সালে কলেজটি শহরের বাউন্ডারি রোড এলাকায় স্থানান্তরিত হয় বার্ষিক ৭ হাজার টাকায় ভাড়া করা একটি বাড়িতে। বাড়ির ৪টি কক্ষে চলে ছাত্রছাত্রীদের যাবতীয় ক্লাস। অধ্যক্ষ আর শিক্ষকের জন্য ২টি কক্ষ। অফিস ও লাইব্রেরির জন্য ২টি কক্ষ। তবে ছাত্রছাত্রীদের বিনোদনের জন্য এখানে কোন জায়গা নেই। খেলাধুলার জন্যও নেই কোন মাঠ ও সামগ্রী। প্রতিবছর এই কলেজে ছাত্র সংসদ নির্বাচন অনুষ্ঠিত হলেও এখানে নেই কোন সংসদ কক্ষ। কলেজের ২ বছর মেয়াদী প্রশিক্ষণ কোর্সের এ্যাকাউন্টিং, বাংলা, ইংরেজী ও সচিব বিজ্ঞান বিষয়ে বর্তমানে প্রায় ৪শ' ছাত্রছাত্রী রয়েছে। অধ্যক্ষসহ ৮ শিক্ষকের স্থলে রয়েছে ৬ শিক্ষক। কর্মচারীর সঙ্কট তো রয়েছেই।

কলেজ অধ্যক্ষ আবদুর রশিদ জানান, দেশের ৯টি কমার্শিয়াল কলেজ এ রকম ভাড়া করা বাড়িতে কার্যক্রম চালাচ্ছে। এগুলো হচ্ছে, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, দিনাজপুর, রংপুর, কুমিল্লা, চট্টগ্রাম, রাজশাহী ও ময়মনসিংহ। তিনি আরও জানান, এসব কলেজ স্থানান্তরে ইতোমধ্যে প্রায় ২২ কোটি টাকার প্রকল্প গৃহীত হয়েছে। এ জন্য জমি অধিগ্রহণ করা হয়েছে এবং তাতে একাডেমিক ভবন নির্মাণের কাজ চলছে। এ প্রকল্পের আওতায় প্রায় ২৮ লাখ টাকা দিয়ে শহরের আকুয়া এলাকায় এক দশমিক ৫০ একর জমি অধিগ্রহণ করা হয়েছে। প্রায় ৩ কোটি টাকা ব্যয়সাপেক্ষে জমিতে একাডেমিক ভবন নির্মাণের কাজও এগিয়ে চলছে বলে তিনি জানান।